



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৫০৬.০০.৮২১.৯৩. ৪৩৭৩

তারিখঃ ১১ জুলাই, ২০১৮ খ্রিঃ।


বিষয় : জলঢাকা ইউসিসিএ লিঃ এ বিধিবহির্ভূতভাবে চুক্তিভিত্তিক নিয়োগদানের জন্য ব্যাখ্যা তলব।
সূত্র : উপপরিচালক, নীলফামারী এর পত্র নং ৩৬৪, তারিখঃ ১৫/৫০/২০১৮খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে সূত্রোক্ত স্মারকের পত্র হতে জানা যায় যে জলঢাকা ইউসিসিএ'তে বিগত এক বছর যাবত ০২ জন কর্মচারীকে মাসিক সর্বোচ্চ ১৫,০০০/- টাকা প্রদান করার শর্তে অস্থায়ীভাবে বিধিবহির্ভূতভাবে ইউসিসিএ'র প্রাক্তন কর্মচারীদের নিয়োগ দেয়া হয়েছে এবং কমিশনভিত্তিক জনবল দ্বারা কতদিন ঋণ ও সাংগঠনিক কার্যক্রম পরিচালনা করা যাবে সে বিষয়ে উপপরিচালক, নীলফামারী সুস্পষ্ট নির্দেশনা চেয়েছেন।

বিআরডিবি সদর দপ্তরের স্মারক নং ৩১০৯, তাং ১৫/০৩/২০১৬ খ্রি. মূলে কোন উপজেলায় ইউসিসিএ'র কর্মচারীদের চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলে দায়ী কর্মকর্তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়েছে। এছাড়া বিআরডিবি'র আওতাধীন উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর কর্মচারীদের জন্য প্রণীত মডেল চাকরি প্রবিধানমালা/ ২০১৭ এর ৫(১) ক্রমিকে বলা হয়েছে, 'বাংলাদেশ সার্ভিস রুলস' বা বাংলাদেশ চাকরিবিধি অনুযায়ী কোন কর্মচারীর চাকরির বয়স (বর্তমানে ৫৯ বছর) উৎসর্গ হওয়ার পর তাকে কোনভাবেই চাকরিতে বহাল রাখা বা মাস্টাররোলে বা চুক্তিতে নিয়োগ করা যাবে না'।

এমতাবস্থায়, জলঢাকা ইউসিসিএ'তে কোন পদে কতজন কর্মচারী কর্মরত আছে, ২০১৭-১৮ অর্থ বছরে ঋণ বিতরণ, আদায় এবং মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ কত, ঋণের সেবামূল্য ও অন্যান্য দায়মুক্ত তহবিল হতে কর্মচারীদের বেতন-ভাতা খাতে আয় এবং এর বিপরীতে মোট ব্যয় কত বিস্তারিত তথ্য প্রদান এবং জলঢাকা ইউসিসিএ লিঃ এ বিধিবহির্ভূতভাবে চুক্তিভিত্তিক নিয়োগ কেন প্রদান করা হয়েছে সে বিষয়ে ব্যাখ্যা প্রদান করার জন্য অনুরোধ করা হ'ল।

সংযুক্তিঃ বর্ণনামতে।


মোঃ মাহমুদুল হোসাইন খান
(যুগ্মসচিব)
পরিচালক (সরেজমিন)
ফোনঃ ০২-৮১৮০০০৬

উপপরিচালক
বিআরডিবি, নীলফামারী।

অনুলিপি :

- ১) উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য)।
- ২) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩) অফিস নথি।



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

উপ পরিচালকের কার্যালয়
নীলফামারী।

idniphamari@brdb.gov.bd

২৬৪০
২০/৫/১৮

২৭৯

স্মারক নং-৪৭.৬২.৭৩০০.৮৪১.১৬.০১৫.১৭.৩৬৪

বরাবর
পরিচালক (সরেজমিন)
বিআরডিবি, ঢাকা।

৩৭৪

বিষয়ঃ জলঢাকা ইউসিসিএ লিঃ এর অস্থায়ী পরিদর্শক নিয়োগ প্রসঙ্গে।
সূত্রঃ ৪৭.৬২.৭৩০৬.০২৬.১৮.৮৭.১৫.৩১০ তারিখঃ ১০/০৫/২০১৮খ্রিঃ।

পরিচালক (সরেজঃ) এর দপ্তর
ডকেট নং- ২৭৯
তারিখঃ ২০/৫/১৮
যুগ্ম-পরিচালক (সিসিএম)
যুগ্ম-পরিচালক (সম্প্রঃ ও বিঃপ্রঃ)
উপপরিচালক (ঋণ)
উপপরিচালক (সমবায়)
উপপরিচালক (সেচ)
উপপরিচালক (বাজারজাতকরণ)
উপপরিচালক (সম্প্রঃ)
উপপরিচালক (বিঃপ্রঃ)
উপপরিচালক (পরিদর্শন)
পরিচালক (সরেজমিন) এর
স্বাক্ষর

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলাধীন জলঢাকা ইউসিসিএতে বর্তমানে একজন পরিদর্শক কর্মরত আছেন, যিনি আগামী আগষ্ট ২০১৮ মাসে অবসরে যাবেন। তখন উক্ত ইউসিসিএ পরিদর্শক শূন্য হয়ে পড়বে মর্মে ইউআরডিও, জলঢাকা একটি পত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করেছেন। বর্তমানে জলঢাকা ইউসিসিএতে ১৮৮টি কৃষক সমবায় সমিতি আছে। যার মধ্যে ৪১টিতে আবর্তক ঋণএবং বাকী ১৪৭টি সমিতিতে মেয়াদী ও ফসলী ঋণ রয়েছে বিধায় কার্যক্রম সচল রাখার স্বার্থে বিগত এক বছর যাবত একজন অবসরপ্রাপ্ত পরিদর্শক ও একজন হিসাব সহকারী(অব:) কে অস্থায়ীভাবে আদায়কৃত সেবামূল্যে ৭% কর্মচারী কমিশন থেকে চুক্তি ভিত্তিক সর্বোচ্চ ১৫০০০/- টাকা মাসে প্রদান করার শর্তে কর্মরত রাখা হয়েছে। ফলশ্রুতিতে বিগত এক বছরে প্রায় পাঁচ লক্ষ টাকা মেয়াদউত্তীর্ণ ঋণ আদায় হয়েছে এবং চলতি অর্থ বছরে এ পর্যন্ত আবর্তক ঋণ বিতরণ করা হয়েছে ১০.৮৪ লক্ষ টাকা।

উল্লেখ্য, স্থায়ীভাবে ইউসিসিএ তে পরিদর্শক নিয়োগ করার মত আর্থিক স্বচ্ছলতা না থাকায় জনবল নিয়োগের অনুমোদন চেয়ে আবেদন করা সম্ভব হচ্ছে না। অন্যদিকে কমিশন ভিত্তিক জনবল দ্বারা দীর্ঘদিন/ কতদিন পর্যন্ত ঋণ ও সাংগঠনিক কার্যক্রম পরিচালনা সম্ভব সে বিষয়ে মহোদয়ের নির্দেশনা প্রয়োজন।

এমতাবস্থায় জলঢাকা ইউসিসিএর কার্যক্রম সচল রাখার স্বার্থে জনবল সংকট দূর করার ক্ষেত্রে করণীয় বিষয়ে সুস্পষ্ট নিদেশনা দেয়ার জন্য মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
জলঢাকার পত্র ১ প্রস্থ।

স্মারক নং-৪৭.৬২.৭৩০০.৮৪১.১৬.০১৫.১৭.৩৬৪
অনুলিপিঃ

- ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জলঢাকা, নীলফামারী যুগ্ম পরিচালক (সিসিএম) এর
- ২। অফিস কপি।

যুগ্ম পরিচালক (সিসিএম)
এর দপ্তর
ডকেট নং- ২৭৬৩
তারিখঃ ২০/৫/১৮
উপ পরিচালক (ঋণ)
উপ পরিচালক (সমবায়)
উপ পরিচালক (সেচ)
উপ পরিচালক (মার্কেটিং)
উপ পরিচালক (পরিদর্শন)
স্বাক্ষর
তারিখঃ

মোঃ আব্দুল হান্নান
উপপরিচালক
বিআরডিবি, নীলফামারী।
ফোনঃ ০৫৫১-৬১৬১৩
তারিখঃ ১৫/০৫/২০১৮ খ্রিঃ।

সমস্যা শাখা
উঃ নং- ১৪৬৬
তারিখঃ ২৬/৫/১৮
০ সহঃ পরিঃ (১)
০ সহঃ পরিঃ (২)
০ সহঃ পরিঃ (৩)
০ সহঃ পরিঃ (৪)
০ সহঃ পরিঃ (৫)
০ সহঃ পরিঃ (৬)
০ সহঃ পরিঃ (৭)
০ সহঃ পরিঃ (৮)
০ সহঃ পরিঃ (৯)
০ সহঃ পরিঃ (১০)
০ সহঃ পরিঃ (১১)
০ সহঃ পরিঃ (১২)
০ সহঃ পরিঃ (১৩)
০ সহঃ পরিঃ (১৪)
০ সহঃ পরিঃ (১৫)
০ সহঃ পরিঃ (১৬)
০ সহঃ পরিঃ (১৭)
০ সহঃ পরিঃ (১৮)
০ সহঃ পরিঃ (১৯)
০ সহঃ পরিঃ (২০)
০ সহঃ পরিঃ (২১)
০ সহঃ পরিঃ (২২)
০ সহঃ পরিঃ (২৩)
০ সহঃ পরিঃ (২৪)
০ সহঃ পরিঃ (২৫)
০ সহঃ পরিঃ (২৬)
০ সহঃ পরিঃ (২৭)
০ সহঃ পরিঃ (২৮)
০ সহঃ পরিঃ (২৯)
০ সহঃ পরিঃ (৩০)

উপপরিচালক
বিআরডিবি, নীলফামারী।